

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৯৩

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পূর্বাপর সংশ্লিষ্ট বিষয় (مُؤَخَّرًا)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذَكَرُ خَبْرٍ ثَانٍ يُصْرِحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

2893 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ حَدَّثَنَا هُدَيْبُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَرَرْتُ - لَيْلَةَ أُسْرِي - بِي بَرَائِحَةَ طَيِّبَةٍ فَقُلْتُ: مَا هَذَا يَا جِبْرِيلُ؟) فَقَالَ: هَذِهِ مَاشِطَةُ بِنْتِ فِرْعَوْنَ كَانَتْ تَمْشُطُهَا فَوْقَ الْمَشْطِ مِنْ يَدِهَا فَقَالَتْ: بِسْمِ اللَّهِ فَقَالَتْ بِنْتُ فِرْعَوْنَ: أَبِي؟ قَالَتْ: رَبِّي وَرَبُّ أَبِيكَ قَالَتْ: أَقُولُ لَهُ؟ قَالَتْ: قَوْلِي فَقَالَتْ فَقَالَ لَهَا: أَلَيْكَ مِنْ رَبِّ غَيْرِي؟ قَالَتْ: رَبِّي وَرَبُّكَ الَّذِي فِي السَّمَاءِ قَالَتْ: فَأَحْمَى لَهَا نُقْرَةً مِنْ نُحَاسٍ وَقَالَتْ لَهُ: إِنَّ لِي إِلَيْكَ حَاجَةً قَالَ: وَمَا حَاجَتُكَ؟ قَالَتْ: حَاجَتِي أَنْ تَجْمَعَ بَيْنَ عِظَامِي وَيَبْنِ عِظَامَ وَوَلَدِي قَالَ: ذَلِكَ لَكَ لَمَّا لَكَ عَلَيْنَا مِنَ الْحَقِّ فَأَلْقَى وَلَدَهَا فِي النَّقْبِ وَاحِدًا فَوَاحِدًا - وَكَانَ آخِرَهُمْ صَبِيٌّ - فَقَالَ: يَا أُمَّتَاهُ فَإِنَّكَ عَلَى الْحَقِّ) قَالَ ابْنُ عَبَّاسٍ: أَرْبَعَةٌ تَكَلَّمُوا وَهُمْ صِبَاغٌ: ابْنُ مَاشِطَةَ ابْنَةِ فِرْعَوْنَ وَصَبِي جَرِيحٍ وَعَيْسَى بْنُ مَرِيَمَ وَالرَّابِعَ لَا أَحْفَظُهُ.

الراوي : ابن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2893 | خلاصة حكم المحدث: ضعيف - ((الضعيفة)) (880) .

বাংলা

২৮৯৩. আব্দুল্লাহ বিন আব্বাস রাঈয়ালাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে রাতে আমাকে নৈশভ্রমণ করানো হয়, সে রাতে আমি একটি সুঘ্রাণের পাশ দিয়ে অতিক্রম করি। তখন আমি জিবরীল আলাইহিস সালামকে জিজ্ঞেস করি, “হে জিবরীল আলাইহিস সালাম, এই ঘ্রাণটা

কিসের?” জবাবে তিনি বলেন, “এটা ফেরআউনের মেয়ের চুল বিন্যাসকারিনীর সুগন্ধি। তিনি ফেরআউনের মেয়ের চুল বিন্যাস করে দিতেন। একদিন তার হাত থেকে চিরুনী পড়ে যায়। তখন সে (চিরুনী উঠানোর সময়) বিসমিল্লাহ বলে। তখন ফেরআউনের মেয়ে বলে, “আমার বাবা (তোমার আল্লাহ)?” সে জবাবে বলে, “আমার প্রতিপালক, তোমার প্রতিপালক এবং তোমার বাবার প্রতিপালন হলেন আল্লাহ।” সে আবারো জিজ্ঞেস করে, “আমার বাবা ছাড়া তোমার প্রতিপালক আছে?” সে জবাবে বলে, “হ্যাঁ। তিনি হলেন আল্লাহ।” সে বললো, “এটা আমার বাবাকে বলে দিবো?” সে জবাবে বলে, “বলো।”

অতঃপর সে তার বাবাকে ব্যাপারটি জানিয়ে দেয়। অতঃপর ফেরআউন জিজ্ঞেস করে, “আমি ছাড়াও কি তোমার কোন প্রভু আছে?” সে জবাবে বলে, “আমার ও আপনার প্রভু, যিনি আসমানে রয়েছেন।” অতঃপর ফেরআউন সীসার গর্ত উত্থাপন করে।

অতঃপর সেই মহিলা ফেরআউনকে বললো, “আপনার কাছে আমার প্রয়োজন আছে। সে বললো, “কী তোমার প্রয়োজন?” সেই মহিলা বললো, “আমার চাওয়া হলো আপনি আমার হাড় ও আমার সন্তানের হাড়গুলোকে একত্রে রাখবেন।” ফেরআউন বললো, “ঠিক আছে। নিশ্চয়ই আমাদের উপর তোমার হক রয়েছে। তারপর ফেরআউন তার সন্তানদেরকে এক এক করে গর্তে নিক্ষেপ করতে শুরু করে। সব শেষে ছিল দুগ্ধপোষ্য শিশু। তখন সেই শিশু বললো, “হে আমার মা, নিশ্চয়ই আপনি হকের উপর আছেন।”[1]

আব্দুল্লাহ বিন আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা বলেন, “চারজন ব্যক্তি শৈশবেই কথা বলেছেন। তারা হলেন: (১) ফেরআউনের মেয়ের চুল বিন্যাসকারিনীর মেয়ে, (২) জুরাইযের ঘটনার সাথে সংশ্লিষ্ট শিশু, (৩) ঈসা বিন মারইয়াম আর চতুর্থ জনের নাম আমার মুখস্ত নেই।”

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৩১০; ইমাম বাইহাকী, দলাইলুন নুবুওওয়া: ২/৩৮৯; বাযযার: ৫৪; তাবারানী আল কাবীর: ১১/১২২৮০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু হাদীসটির সানাদকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফাহ: ৮৮০)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92223>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন